


# তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি.

তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.৩৫৬.১৯.০০০১.২৬.২৩

তারিখ : ১০ ভদ্র ১৪৩৩
২৫ আগস্ট ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয় : রাজনৈতিক মতাদর্শের কারণে বন্ধ বা ক্ষতিগ্রস্ত বৈধ শিল্প প্রতিষ্ঠান পুনরায় চালু করা, কর্মসংস্থান ও উৎপাদন পুনরুদ্ধারের বিষয় যাচাই বাছাইয়ের নিমিত্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০০০.০২৯.৯৯.০০০১.২৬.৩৩৬, তারিখ ১৫ আগস্ট ২০২৬ এর মাধ্যমে পেট্রোবাংলা পর্যায়ে গঠিত কমিটির চাহিদার প্রেক্ষিতে আবেদন আহ্বান:**

৬ জানুয়ারি ২০০৯ হতে ৫ আগস্ট ২০২৪ সময়কালে শুধুমাত্র ভিন্ন রাজনৈতিক মতাদর্শের কারণে বন্ধ বা ক্ষতিগ্রস্ত বৈধ শিল্প প্রতিষ্ঠান পুনরায় চালু করা, কর্মসংস্থান ও উৎপাদন পুনরুদ্ধার করা এবং বিগত সময়ে ভিন্ন রাজনৈতিক মতাদর্শ বা পরিচয়ের কারণে বঞ্চনার শিকার তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি (টিজিটিডিপিএলসি) এর শিল্প গ্রাহকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

### যে সব আবেদন বিবেচনার জন্য গ্রহণযোগ্য হবে

১। বর্ণিত সময়কালে গ্রাহকের সংযোগটি বৈধ, অনুমোদিত ও মিটারযুক্ত ছিলো এই মর্মে গ্রাহক প্রয়োজনীয় প্রমাণপত্র আবেদনের সাথে সংযুক্ত করবেন;

২। বর্ণিত সময়কালে গ্রাহক ভিন্ন রাজনৈতিক মতাদর্শের কারণে বৈষম্য বা বঞ্চনার শিকার হয়েছেন তার সমর্থনে বিচ্ছিন্নকরণ আদেশ/নোটিশ, গ্রাহক-নথির কপি, সমসাময়িক আবেদন/চিঠিপত্র, আদালত বা প্রশাসনিক সিদ্ধান্ত ইত্যাদির কপি/সার্টিফাইড কপি অথবা অন্য কোনো গ্রহণযোগ্য প্রামাণ্য দলিল থাকলে তা আবেদনের সাথে দাখিল করবেন।

### যে সব আবেদন বিবেচনার জন্য গ্রহণযোগ্য হবে না

১। অবৈধ সংযোগ গ্রহণ বা পুনঃসংযোগ, মিটার বাইপাস/টেম্পারিং, অনুমোদিত লোডের অতিরিক্ত ব্যবহার, শ্রেণি-বহির্ভূত ব্যবহার, গ্যাস চুরি বা অন্য কোনো অননুমোদিত ব্যবহারের কারণে সংযোগ বিচ্ছিন্ন বা জরিমানা করা হয়েছে এমন গ্রাহকের আবেদন;

২। অবৈধ ব্যবহারের বিষয়ে চূড়ান্ত আদালত/মোবাইল কোর্টের আদেশ, দণ্ড বা প্রমাণিত পরিদর্শন প্রতিবেদন রয়েছে এমন গ্রাহকের আবেদন;

৩। পূর্বে অনুমোদিত কিস্তি সুবিধা নিয়ে ইচ্ছাকৃতভাবে খেলাপি হয়েছে এমন গ্রাহকের আবেদন, যদি না আদালতের আদেশ বা সরকার অনুমোদিত পুনর্গঠন ব্যবস্থা থাকে;

৪। নিরাপত্তাজনিত ত্রুটি, ঝুঁকিপূর্ণ স্থাপনা বা কারিগরি অসামঞ্জস্য সংশোধন না করা গ্রাহকের আবেদন; এবং

৫। শুধু রাজনৈতিক পরিচয় বা মৌখিক দাবির ওপর নির্ভরশীল, কিন্তু যাচাইযোগ্য সমর্থক নথি নেই বা প্রমাণক নেই এমন আবেদনকারীর আবেদন।

### আবেদনের প্রক্রিয়া

১। যোগ্য গ্রাহকগণ নির্ধারিত আবেদন ফরমে টিজিটিডিপিএলসি এর ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদন করবেন। গ্রাহকগণ টিজিটিডিপিএলসি এর ওয়েবসাইট (www.titasgas.gov.bd) হতে আবেদন ফরমটি সংগ্রহ করতে পারবেন।

### আবেদনের সর্বশেষ সময়সীমা

২৪ সেপ্টেম্বর ২০২৬, বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত।

### বিশেষ নির্দেশনা

১। মুখবন্ধ খামে আবেদন দাখিল করতে হবে।

২। খামের উপর প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও গ্রাহক সংকেত নম্বর এবং মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।

তিতাস/জনসংযোগ/২০২৬-২০২৭/৩৯

GA-2653/26 (8x4)

## সংযুক্তি-১

## বিশেষ সুবিধার আবেদন ও যাচাই-তথ্য

| ক্রম | আবশ্যক তথ্য/দলিল | আবেদনকারী/যাচাই মন্তব্য |
|---|---|---|
| ১ | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও গ্রাহক সংকেত | |
| ২ | মালিক/আইনগত প্রতিনিধির নাম ও যোগাযোগ | |
| ৩ | গ্রাহক শ্রেণি, অনুমোদিত লোড ও মিটারের বিবরণ | |
| ৪ | সংযোগ বিচ্ছিন্নের তারিখ, আদেশ নং ও নথিভুক্ত কারণ | |
| ৫ | বৈষম্য/বঞ্চনার দাবির সংক্ষিপ্ত বিবরণ ও প্রমাণের তালিকা | |
| ৬ | অবৈধ ব্যবহার/মিটার টেম্পারিং/মামলা বা দন্ড ছিল কি না | |
| ৭ | বৈষম্য বা বঞ্চনার শিকার হয়েছেন তা সমর্থনে বিচ্ছিন্নকরণ আদেশ/নোটিশ, গ্রাহক-নথির কপি, সমসাময়িক আবেদন/চিঠিপত্র, আদালত বা প্রশাসনিক সিদ্ধান্ত ইত্যাদির কপি/সার্টিফাইড কপি অথবা অন্যকোনো গ্রহণযোগ্য প্রামাণ্য দলিল থাকলে তা আবেদনের সাথে দাখিল করবেন | |
| ৮ | পুনরায় চালুর পরিকল্পনা, সম্ভাব্য কর্মসংস্থান ও উৎপাদন | |
| ৯ | লাইসেন্স, টিআইএন, ভ্যাট, পরিবেশ, অগ্নি ও নিরাপত্তা নথি | |

**আবেদনকারীর ঘোষণা**

আমি/আমরা ঘোষণা করছি যে, প্রদত্ত তথ্য সত্য ও সম্পূর্ণ; উপস্থাপিত তথ্য উপাত্ত ভুল প্রমাণিত হলে আমার আবেদন অগ্রাহ্য করা যাবে।

তারিখ: স্বাক্ষর:

নাম ও পদবি: প্রতিষ্ঠানের সিল